DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 14 Sep 2026, 06:56 PM

ক্যাম্পাস

# বেরোবিতে ব্যাপক প্রশাসনিক রদবদলের আভাস

প্রতিবেদক: বেরোবি প্রতিনিধি
প্রকাশের তারিখ: সোমবার, ১৪ সেপ্টেম্বর ২০২৬, ১০:০৯ PM



রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে (বেরোবি) গুরুত্বপূর্ণ প্রশাসনিক পদগুলোতে ব্যাপক রদবদলের আভাস পাওয়া গেছে। আগামী ১৭ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয়ের তিনটি আবাসিক হলের প্রভোস্ট ও সহকারী প্রভোস্ট, প্রক্টর, ছাত্র উপদেষ্টা, কেন্দ্রীয় লাইব্রেরির গ্রন্থাগারিকসহ বিভিন্ন দপ্তরের দায়িত্বপ্রাপ্তদের মেয়াদ শেষ হচ্ছে।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, ২০২৪ সালের গণঅভ্যুত্থানের পর বিভিন্ন প্রশাসনিক পদে যেসব শিক্ষককে দায়িত্ব দেওয়া হয়েছিল, তাঁদের অনেকেই এখনো নিজ নিজ পদে বহাল রয়েছেন। তবে আগামী মেয়াদে এসব পদে নতুন মুখ আনার সম্ভাবনা রয়েছে।

সূত্রের দাবি, নতুন করে দায়িত্ব দেওয়ার ক্ষেত্রে বিএনপিপন্থী হিসেবে পরিচিত শিক্ষকদের অগ্রাধিকার দেওয়া হতে পারে। ইতোমধ্যে বিএনপিপন্থী শিক্ষক সংগঠনের সদস্য ফরম পূরণ করেছেন, এমন কয়েকজন শিক্ষকও গুরুত্বপূর্ণ প্রশাসনিক পদে আসার দৌড়ে রয়েছেন বলে ক্যাম্পাসে আলোচনা চলছে।

বিশ্ববিদ্যালয় সূত্র আরও জানায়, তিনটি আবাসিক হলের বর্তমান প্রভোস্টদের মধ্যে শহীদ মুখতার ইলাহী হলের প্রভোস্ট ড. মো. কামরুজ্জামান, বিজয়-২৪ হলের প্রভোস্ট আমির শরিফ এবং শহীদ ফেলানী হলের প্রভোস্ট ড. সিফাত রুমানকে একই পদে পুনর্নিয়োগ না দেওয়ার সম্ভাবনা রয়েছে। এছাড়া ছাত্র উপদেষ্টা অধ্যাপক ড. মো. ইলিয়াছ প্রামাণিককেও নতুন মেয়াদে দায়িত্ব দেওয়া হবে না বলে সূত্রের দাবি। প্রক্টর পদেও নতুন মুখ আসতে পারে বলে জানা গেছে।

এদিকে কেন্দ্রীয় লাইব্রেরির গ্রন্থাগারিক ড. মো. মনিরুজ্জামান এবং কেন্দ্রীয় ক্যাফেটেরিয়ার পরিচালক চার্লস ডারউইনের দায়িত্ব পাললের অবহেলা নিয়েও শিক্ষার্থীদের অভিযোগ রয়েছে।

লাইব্রেরিতে থাকা শিক্ষার্থীদের বিভিন্ন দাবি-দাওয়া এবং লাইব্রেরি ব্যবস্থাপনা নিয়ে গ্রন্থাগারিকের বিরুদ্ধে শিক্ষার্থীদের অভিযোগ রয়েছে বলে সূত্র জানিয়েছে। এছাড়া গ্রন্থাগারিকের কাছ থেকে এসব সমস্যার সমাধান না পেয়ে লাইব্রেরিতে থাকা শিক্ষার্থীরা টানা দুইবার উপাচার্যের দপ্তর ও বাসভবন ঘেরাও করেন।

অন্যদিকে কেন্দ্রীয় ক্যাফেটেরিয়ার অব্যবস্থাপনা ও অপরিচ্ছন্নতা নিয়েও বিভিন্ন সময়ে গণমাধ্যমে সংবাদ প্রকাশিত হয়েছে। বিশেষ করে ক্যাফেটেরিয়ার ওয়াশরুম অপরিষ্কার থাকা এবং পরিচালকের নিয়মিত অফিসে উপস্থিত না থাকা নিয়ে শিক্ষার্থীদের মধ্যে সমালোচনা রয়েছে বলে সূত্রের দাবি।

এদিকে গুরুত্বপূর্ণ প্রশাসনিক পদগুলোর জন্য গণিত বিভাগের সহযোগী অধ্যাপক ও শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক ইসমাইল হোসাইন, পরিসংখ্যান বিভাগের সহযোগী অধ্যাপক ও কেন্দ্রীয় ক্যাফেটেরিয়ার পরিচালক চার্লস ডারউইন এবং রসায়ন বিভাগের অধ্যাপক ড. হারুন অর রশিদের নাম আলোচনায় রয়েছে বলে বিশ্ববিদ্যালয়ের একাধিক সূত্র জানিয়েছে।

এদিকে সবার নজর এখন ছাত্র উপদেষ্টা ও বহিরাঙ্গন পরিচালক পদে। সূত্র জানায়, এ দুটি পদে দায়িত্বপ্রাপ্তরা বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য। তবে বিশ্ববিদ্যালয়ের আইন অনুযায়ী, চলতি মেয়াদে তাদের সিন্ডিকেট সদস্য হওয়ার সুযোগ নেই। এছাড়া বর্তমান উপাচার্যের সময়ে নিয়োগ পাওয়া কয়েকজন শিক্ষকও প্রশাসনের বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্বে থাকছেন বলে জানা গেছে।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মো. ফেরদৌস রহমান বলেন, এটা তো ভিসি স্যারের হাতে। তিনি যাকে যোগ্য মনে করবেন, তাকে দায়িত্ব দেবেন।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. শওকাত আলী বলেন, বিষয়টি সবার সঙ্গে বসে সিদ্ধান্ত নেওয়া হবে। প্রশাসন চালাতে হলে দক্ষ লোকের প্রয়োজন। তাই দল-মত নির্বিশেষে কাকে কাকে দায়িত্ব দেওয়া যায়, তা সবার সঙ্গে বসে সিদ্ধান্ত নেওয়া হবে।

---

এ বিভাগের আরও খবর




### বেরোবির ইইই বিভাগের শিক্ষার্থী মিথুনের কোরিয়ায় GKS বৃত্তি লাভ

রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের ১০ম ব্যাচের শিক্ষার্থী মিথুন চৌধুরী...

---




### সাভারে পুলিশ কর্মকর্তাকে পিটিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা

ঢাকার সাভারের আমিনবাজারে পুলিশের বিশেষ শাখার (এসবি) এক উপপরিদর্শককে (এসআই) পিটিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। নিহত মো. আলতাফ হোসেন (৬০) মালিবাগ...

---



### যৌন সহিংসতা বন্ধে সবাইকে সম্মিলিতভাবে কাজ করতে হবে: বেরোবি উপাচার্য

পাবলিক স্পেস, কর্মক্ষেত্র ও উচ্চশিক্ষাপ্রতিষ্ঠানে যৌন ও জেন্ডারভিত্তিক সহিংসতা প্রতিরোধে সবাইকে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানিয়েছেন বেগম...



**বেরোবি ছাত্রদল নেতা মাসুদের দাবির পর লাইব্রেরি সংস্কারের উদ্যোগ**

জাতীয়তাবাদী ছাত্রদল বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (বেরোবি) শাখার প্রচার সম্পাদক মাসুদ রানার দাবির পর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরিতে আসনসং...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/campus/berobite-bjapk-prshasnik-rdbdler-abhas